দৈনিক
ইত্তেফাক

তারিখ 27 OCT 2007
পৃঃ ২ কলাম ৫



*ঢাকা বিশ্ববিদ্যালয়ের লেকচার থিয়েটার হলে শুক্রবার মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়-ইত্তেফাক*

# ১৪ মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা ॥ এক সপ্তাহের মধ্যে ফল

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

দেশের সরকারি ১৪টি মেডিক্যাল কলেজে গতকাল শুক্রবার এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষা একযোগে অনুষ্ঠিত হয়েছে। ২০৬০টি আসনের জন্য ২৪ সহস্রাধিক ছাত্রছাত্রী পরীক্ষায় অংশগ্রহণ করে। সকাল ১০টা থেকে ১১টা পর্যন্ত ১ ঘন্টা কড়া নিরাপত্তা ব্যবস্থার মধ্যে এই ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। আগামী এক সপ্তাহের মধ্যে এমবিবিএস ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হবে বলে স্বাস্থ্য অধিদফতরের শীর্ষ কর্মকর্তারা জানান।

স্বাস্থ্য উপদেষ্টা মেজর জেনারেল (অব.) ডাঃ এ এস এম মতিউর রহমান গতকাল তেজগাঁও ও ইডেন সরকারি মহিলা বিশ্ববিদ্যালয় কলেজ কেন্দ্র পরিদর্শনে যান। পরিদর্শন শেষে উপদেষ্টা বলেন, সুষ্ঠু ও সুন্দর পরিবেশে যাতে পরীক্ষার্থিগণ এমবিবিএস ভর্তি পরীক্ষা দিতে পারে, সেজন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ১৪টি মেডিক্যাল কলেজে

(প্রথম পৃঃ পর)

এমবিবিএস ভর্তি পরীক্ষা দিতে পারে, সেজন্য সকল প্রকার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কম্পিউটারের এ যুগে উন্নত বিশ্বে যেভাবে প্রতিযোগিতামূলক পরীক্ষা নেয়া হয়, সেই পদ্ধতি অনুসরণ করা হচ্ছে বলে তিনি জানান। ঐ সময় স্বাস্থ্য সচিব একে এম জাফর উল্লাহ খান, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক ডাঃ মোঃ শাহজাহান বিশ্বাসসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক ডাঃ খন্দকার সিফায়েত উল্লাহ সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ায় ডাক্তার, পুলিশ, র‍্যাব, গোয়েন্দা সংস্থা এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও সাংবাদিকদের অভিনন্দন জানান।